


# হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

## জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

- ১। এতদ্বারা সকল বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী এবং সম্মানিত অভিভাবকদের অবগতির জন্য বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, সাম্প্রতিককালে বিভিন্ন এলাকায় এক শ্রেণীর প্রতারক চক্র নিজেদের শিক্ষা বোর্ড, উপজেলা শিক্ষা অফিস, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, HCPSC এর হিসাব শাখায় কর্মরত পরিচয় দিয়ে মোবাইল ফোনের মাধ্যমে শিক্ষার্থীদের বৃত্তির অ্যাকাউন্ট সচল করা বা অতিরিক্ত বোনাস পাইয়ে দেওয়ার কথা বলে যোগাযোগ করছে। তারা বৃত্তির টাকা দ্রুত প্রদান বা অন্য কোনো দাপ্তরিক ও আর্থিক অজুহাতে অভিভাবকদের বিভ্রান্ত করার চেষ্টা করছে।
- ২। এই চক্রটি শিক্ষার্থীদের ব্যক্তিগত তথ্য, অভিভাবকদের ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, ডেবিট/ক্রেডিট কার্ডের পিন (PIN) নম্বর বা মোবাইলে পাঠানো ওটিপি (OTP) হাতিয়ে নিয়ে টাকা আত্মসাৎ করার চেষ্টা করছে। এই ধরনের জালিয়াতি ও প্রতারণা এড়াতে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে মেনে চলার জন্য অনুরোধ করা হলো:
- ক) বৃত্তিসংক্রান্ত বা যেকোনো প্রাতিষ্ঠানিক বিষয়ে কোনো অপরিচিত বা সন্দেহজনক নম্বর থেকে কল করা হলে, ফোনে কোনো তথ্য দেবেন না। যেকোনো বিষয়ে সরাসরি শিক্ষাপ্রতিষ্ঠানে এসে অথবা নিজ নিজ শ্রেণি শিক্ষকের (Class Teacher) মাধ্যম ছাড়া কাউকে কোনো প্রকার তথ্য প্রদান করবেন না।
- খ) শিক্ষা মন্ত্রণালয়, কোনো শিক্ষা বোর্ড, ব্যাংক কর্তৃপক্ষ বা নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা কখনোই ফোনে কোনো ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, কার্ডের পিন (PIN) বা ওটিপি (OTP) জানতে চায় না। এই ধরনের তথ্য সম্পূর্ণ গোপন রাখুন।
- গ) ফোনে কারো প্রলোভনে প্রলুব্ধ হবেন না। কোনো অপরিচিত নম্বর থেকে বৃত্তির টাকার লোভ দেখিয়ে কোনো লিংক পাঠানো হলে তাতে ক্লিক করবেন না।
- ঘ) যদি কেউ নিজেকে সরকারি বা প্রাতিষ্ঠানিক কর্মকর্তা পরিচয় দিয়ে টাকা দাবি করে বা সন্দেহজনক আচরণ করে, তবে অবিলম্বে বিষয়টি শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষকে জানান এবং প্রয়োজনে নিকটস্থ থানা বা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করুন।
- ৩। বৃত্তি সংক্রান্ত সকল কার্যক্রম শুধুমাত্র সরাসরি অফিসে উপস্থিত হয়ে অথবা নিজ নিজ শ্রেণি শিক্ষকের মাধ্যমে সম্পন্ন করা হয়। অতএব, কোনো প্রকার গুজবে কান না দিয়ে সর্বদা সচেতন ও সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

  
AHM

ধন্যবাদান্তে  
  
২৪/০৭/১৬  
কর্তৃপক্ষ  
(এইচসিপিএসসি)